গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
(স্থানীয় সরকার শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১০৯.২০.০০৩.২৪.৬০

তারিখ: ১৬ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ ইউপি-২ শাখার ০৯ জানুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০০৪.১৯(অংশ-১).১৭ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ এর স্থানীয় সরকার শাখার অধীন ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে জন্মসূত্রে **বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দাদের** নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড ১৬ স্কেল : ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ) টি এবং শূন্য পদ পূরণের নিমিত্ত প্যানেল প্রস্তুত | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনুন্য ২য় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ। | সরকার কর্তৃক ৭৫% হারে এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবেন |

**আবেদন ফরম পুরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পুরণ করতে হবে:**

১। ২৫/০২/২০২৪ খ্রি: তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩০ (ত্রিশ) বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ ও এতদসংক্রান্ত যাবতীয় সরকারি নির্দেশনা অনুসরণ করা হবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান ও কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই অনাপত্তিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়।

৪। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে গণ্য হবে।

৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই ব্যবহারিক এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উর্ত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬। চাকুরীর জন্য আবেদন আগামী ০৫/০২/২০২৪ খ্রি: তারিখ সকাল ১০:০০টা হতে ২৫/০২/২০২৪ খ্রি: তারিখ বিকাল ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে।

৭। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতার সকল সনদ/অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূল কপিসমূহ প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) কপি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭.১ শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধন সনদ;

৭.২ নওগাঁ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

৭.৩ ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক (নাম ও পদবীযুক্ত সিলসহ) প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

৭.৪ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর-মুক্তিযোদ্ধার সন্তান এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা) ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধ সনদপত্র এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী এই মর্মে সম্পর্ক উল্লেখক্রমে ৯ম বা তদুর্ধ্ব

গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র;

৭.৫ মুক্তিযোদ্ধা কোটায় চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকে দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র দাখিল করতে হবে। বীর মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রে তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৭.৬ শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

৭.৭ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র;

৭.৮ আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং

৭.৯ নির্দিষ্ট কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

৮। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিস্তারিত আবেদন পদ্ধতি নওগাঁ জেলার ওয়েবসাইট **www.naogaon.gov.bd** এবং **Facebook Page** "জেলা প্রশাসন নওগাঁ" তে পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলি:

(ক) আগ্রহী প্রার্থীগণ **https://dcnaogaon.teletalk.com.bd** এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৫/০২/২০২৪ খ্রি. সকাল ১০:০০টা;

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫/০২/২০২৪ খ্রি., রাত ১১.৫৯ টা;
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ **pixel**× প্রস্থ ৩০০ **pixel**) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ **pixel**× প্রস্থ ৮০ **pixel**) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ **KB** ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Applicant's Copy তে User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নির্ধারিত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২ (দুই) টি **SMS** করে পরীক্ষার ফি বাবদ ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন;

(ঘ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রার্থীগণ প্রবেশপত্র ডাউনলোডপূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রবেশপত্র সংগ্রহের নোটিশ **http://dcnaogaon.teletalk.com.bd**, জেলা প্রশাসক, নওগাঁ'র ওয়েবসাইট **http://www.naogaon.gov.bd** এবং **Facebook Page** এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত **SMS** শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে।

১২। আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য যে কোন পর্যায়ে অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুয়া/জাল/মিথ্যা প্রমাণিত হলে কিংবা নকল করা বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৩/১/২০২৪

(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক
নওগাঁ।
ফোন-০২৫৮৮৮৮৪০০০(দপ্তর)
ইমেইল: dcnaogaon@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৪০০.১০৯.২০.০০৩.২৪. ৬৫

তারিখ: ১৬ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হল:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার,..........................(সকল)।

৩। পরিচালক, স্থানীয় সরকার...................(সকল)।

৪। জেলা প্রশাসক,...............................(সকল)।

৫। পুলিশ সুপার, নওগাঁ।

৬। সিভিল সার্জন, নওগাঁ।

৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ।

৮। অতিরিক্ত জেলা প্রশাসক...........................নওগাঁ/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।

৯। উপজেলা নির্বাহী অফিসার,........................(সকল), নওগাঁ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

১১। মেয়র...................(সকল), নওগাঁ।

১০। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক, বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭, গুলশান-১, ঢাকা ১২১ [দৃষ্টি আকর্ষণ: ম্যানেজার (VAS-2), মার্কেটিং এন্ড ভ্যাস]

১২। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ।

১৩। নেজারত ডেপুটি কালেক্টর, নওগাঁ। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, নওগাঁ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসন, নওগাঁ'র ওয়েবসাইটে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক করতোয়া ও Bangla Tribune পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে ভিতরের পাতায় (নির্ধারিত সাইজে) কেবল মাত্র ০১ (এক) দিন সকল সংস্করণে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১৬। অফিস কপি।

৩০/০১/2024

উপপরিচালক (ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার, নওগাঁ
ফোন : ০২৫৮৮৮১৫৩৮
ই-মেইল: ddlgnaogaon@gmail.com